ঝিনাইদহে শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন’র বার্ষিক সভা

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-২০২২ এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিাবার (১৭ ডিসেম্বর) সকাল ১০টায় ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব) এর সহযোগিতায় এই সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদর উপজেলা শাখার সভাপতি আলমগীর হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা (ভারপ্রাপ্ত) সমবায় অফিসার জাফর ইকবাল।

এসময় বিশেষ অতিথি হিসেবে কাল্ব গ-অঞ্চলের ডিরেক্টর আরিফ হাসান, প্রেসক্লাব সভাপতি এম রায়হান, উপজেলা সমবায় অফিসার কামরুন্নাহার, কাল্বের জেলা ব্যবস্থাপক জাকির হোসেন, সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর প্রতিষ্ঠাতা সাবেক সভাপতি কৃপা সিন্ধু বিশ্বাস, হরিণাকুণ্ডু উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সভাপতি নজরুল ইসলাম, সদস্য শাহানুর আলম ও দেলোয়ার হোসেন বক্তব্য রাখেন। সভার সঞ্চালনার দায়িত্বে ছিলেন কাল্ব এর ঝিনাইদহ সদর উপজেলা ব্যবস্থাপক ফরহাদ হোসেন।

সভায় বার্ষিক প্রতিবেদন, আয়-ব্যয় ও কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সাধারণ সম্পাদক খুরশিদ মোহাম্মদ সালেহ।

আলোচনা শেষে বিভিন্ন ইউনিটে সফলতা অর্জনকারীদের মাঝে পুরস্কার তুলে দেওয়া হয়। বক্তারা শিক্ষকদের ভাগ্যান্নয়নের জন্য এবং ভবিষ্যৎ নিরাপত্তার জন্য সমাবায়ের প্রতি গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন।